

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২৬৮-আইন/আয়কর/২০১০।—Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৪ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/২৮ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৫৮-আইন/আয়কর/২০০৭ এতদ্বারা রহিতক্রমে, পাবলিক বিশ্ববিদ্যালয় ব্যতীত বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা কেবলমাত্র তথ্য প্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজ এর উদ্ভূত আয়ের উপর প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ১৫% নির্ধারণ করিল।

২। ইহা ১লা জুলাই, ২০১০ তারিখ হইতে কার্যকর হইবে।

**Bangladesh Tax Update**

[www.kdroy.com.bd](http://www.kdroy.com.bd)/[www.ltr.com.bd](http://www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আমিনুর রহমান

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)